

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটির চ্যান্সেলর হিসেবে ছয় মাস পার করার পর, শিক্ষাবর্ষের দ্বারপ্রান্তে এসে আমি অসম্ভব কৃতজ্ঞ বোধ করছি। এই অল্প কিছুদিনের মাঝেই, আমাদের শিক্ষার্থীদের জন্য আমাদের একত্রে সিদ্ধান্ত গ্রহণে আমাদের পরিবারদের প্রকৃত অংশীদার হিসেবে ক্ষমতায়নে আমার দর্শন রূপদান শুরু করতে আপনারা আমাকে সহায়তা করেছেন। আপনাদের অভিমত আমাদের স্কুলগুলোতে আমরা যা করছি তার সবকিছুর রূপদান করছে, এবং আমরা সকলেই পরিবর্তন দেখতে পাচ্ছি!

আমি 3 জানুয়ারিতে যখন প্রথম দায়িত্ব শুরু করেছি, তখন ব্যাপক ওমিক্রন ভাইরাস সংক্রমণ ছড়িয়ে পড়ছে, এবং আমাদের উপস্থিতি ছিল মাত্র 65 শতাংশ। আমরা নিরাপত্তা বৃদ্ধি করতে বিবিধ পদক্ষেপ গ্রহণ করি, যা “নিরাপদে থাকুন, সবকিছু চালু রাখুন” (স্টেট সাইফ, স্টেট ওপেন) নামে পরিচিত। এতে অন্তর্ভুক্ত ছিল আমাদের শিক্ষার্থীদের জন্য বর্ধিত সংখ্যক পরীক্ষা বা টেস্টিং এবং অন-সাইটে অত্যন্ত সফল টিকা বা ভ্যাকসিন অফার করা।

জানুয়ারির শেষে এবং তখন থেকে অব্যাহতভাবে, আমাদের উপস্থিতি প্রায় 90 শতাংশে ফিরে এসেছে। বিশ্বব্যাপী মহামারী দ্বারা সৃষ্ট ব্যাপক পরিবর্তন এবং মানসিক চাপের দুই বছর পর, এই শিক্ষা বছরটি আমাদেরকে এত সফলতার সাথে শেষ করতে সক্ষম করার কৃতিত্ব আমাদের পরিবারবর্গ, শিক্ষার্থীবৃন্দ, এবং কর্মীগণের নিরবচ্ছিন্ন মনোনিবেশ প্রাপ্য!

সাম্প্রতিক মাসগুলোতে আমরা যেসব উদ্যোগের ঘোষণা দিয়েছি সেগুলো আমাদের পরিবারদের কাছ থেকে পাওয়া মতামতের ফল এবং তাদের সাথে অংশীদারিত্বে সেগুলো গড়ে তোলা হবে। এতে অন্তর্ভুক্ত আমাদের উন্নিত সাক্ষরতার নির্দেশনা এবং ডিসলেক্সিয়া হস্তক্ষেপ, নিরাপত্তা বৃদ্ধির জন্য সহিংসতা ব্যাহতকরণ কর্মসূচি, গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রামসমূহে সুযোগ বৃদ্ধি করা, এবং আমাদের হাই স্কুল শিক্ষার্থীদের কার্যক্ষেত্রে মূল্যবান দক্ষতা অর্জনে সক্ষম করতে বিবিধ নতুন প্রয়াশ।

আমরা আমাদের পরিবারদের উপর নির্ভর করছি কারণ নিউ ইয়র্ক সিটির একজন শিক্ষাবিদ হিসেবে আমি আমার পুরো কর্মজীবনে শিখেছি যে সবচেয়ে সেরা ধারণা ও সবচেয়ে সফল উদ্যোগ গড়ে উঠে পরিবারের সাথে কথোপকথন থেকে। আপনাদের সম্মতদের কী প্রয়োজন এবং আপনাদের স্কুলসমূহের শক্তিশালী ও দুর্বল দিকসমূহ অন্য যে কারো থেকে আপনারা সবচেয়ে ভাল জানেন। আমি আমাদের স্কুল সিস্টেম জুড়ে সবার কাছে প্রচার করে চলেছি যে তাদের পরিবারের সাথে গুরুত্ব সহকারে সম্পৃক্ত হতে হবে এবং তাদের উদ্বেগসমূহে



Department of  
Education

Chancellor David C. Banks

কার্যকরভাবে সাড়া দিতে হবে। আমাদের পরিবারদের কাছ থেকে অর্থবহ মতামত গ্রহণের আগে আর কোনও বড় পরিবর্তন সাধন করা যাবে না।

এসব কারণে, আমরা আমাদের স্কুল সিস্টেমকে সামঞ্জস্য করছি এবং আমাদের নেতৃবৃন্দের সাথে যোগাযোগের জন্য আরও সুস্পষ্ট পথ সৃষ্টি করছি। এতে অন্তর্ভুক্ত আমাদের স্থানীয় ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্ট ও স্কুল প্রিন্সিপ্যালদের ক্ষমতায়ন করা যেন পরিবারেরা আরও সরাসরি এবং সহজে দায়িত্বপ্রাপ্তদের সাথে যোগাযোগ করতে পারেন। সাম্প্রতিক সপ্তাহগুলিতে, সবচেয়ে যোগ্য এবং কার্যকর ব্যক্তির এই গুরুত্বপূর্ণ ভূমিকাগুলিতে নিযুক্ত হতে পারে তা নিশ্চিত করতে, সিটিজুড়ে পরিবারেরা 45টি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সুপারিনটেনডেন্ট পদের জন্য চূড়ান্ত প্রার্থীদের সাথে টাউন হলে সাক্ষাৎ করার সুযোগ পেয়েছে। আপনার মতামতের জন্য ধন্যবাদ, আমি নিশ্চিত যে 1 জুলাই আপনার ডিস্ট্রিক্টের নেতার প্রতি আপনারা আনন্দিত হবেন; আরো জানতে [schools.nyc.gov/about-us/leadership/district-leadership](https://schools.nyc.gov/about-us/leadership/district-leadership) দেখুন।

আমি আশা করছি আপনি সম্মত হবেন যে আমরা আপনার বক্তব্য শুনছি এবং একসাথে আমরা নিউ ইয়র্ক সিটি স্কুলগুলির জন্য একটি নতুন ভবিষ্যত তৈরি করছি! আপনার গ্রীষ্ম উপভোগ করার পাশাপাশি, আমি আশা করি আপনারা এবং আপনাদের ছেলেমেয়েরা সিটির চমৎকার সব সাংস্কৃতিক এবং বিনোদনমূলক সুযোগসমূহের সদ্যবহার করবেন।

একটি নিরাপদ ও আনন্দময় গ্রীষ্ম উপভোগ করুন। আমরা যখন 2022-23 শিক্ষা বছরের দিকে অগ্রসর হচ্ছেন তখন আরো ভালো কিছু আশা করতে পারেন!

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর